দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 28-OCT 2002
পৃষ্ঠা ... ১৩ কলাম ... ৫



গতকাল টিএসসি মিলনায়তনে শিক্ষা বিচিত্রার উদ্যোগে এইচএসসি পরীক্ষায় মেধা তালিকায় উত্তীর্ণদের সংবর্ধনা জ্ঞাপন করা হয় -ইত্তেফাক

# যত্রতত্র প্রতিষ্ঠিত কলেজ শিক্ষকদের অনেকেরই শিক্ষকতার যোগ্যতা নেই

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক গতকাল রবিবার চলতি বছরের এইচএসসি পরীক্ষায় মেধা তালিকায় (১ম-৫ম) উত্তীর্ণদের এক সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতাকালে বলেছেন, দেশে যত্রতত্র কলেজ প্রতিষ্ঠা করে ইচ্ছে মাফিক শিক্ষক নিয়োগ করা হচ্ছে- যাদের অনেকেরই শিক্ষকতার যোগ্যতা নেই। প্রশিক্ষণ গ্রহণের ব্যাপারেও আন্তরিকতা নেই। এটা দুঃখজনক। তিনি বলেন, সরকার শিক্ষার উন্নয়নে বদ্ধপরিকর। আর তাই মেধাবী গরীব ছাত্র-ছাত্রীদেরকে লেখাপড়ায় উৎসাহদানের

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## যত্রতত্র

(শেষ পৃষ্ঠার পর)

লক্ষ্যে এনডাওমেন্ট স্কলারশীপের ব্যবস্থা করা হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে শিক্ষা বিচিত্রা আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে স্টামফোর্ড ইউনিভার্সিটির ভিসি ডঃ এম এ হান্নান ফিরোজ বিশেষ অতিথি ছিলেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর আমিনুল ইসলাম, বাংলাদেশ কম্পিউটার সোসাইটির সভাপতি ডঃ আর আই শরীফ, খন্দকার গ্রুপের চেয়ারম্যান খন্দকার রুহুল আমিন, ভূঁইয়া কম্পিউটারসের ব্যবস্থাপনা পরিচালক জামাল উদ্দিন শিকদার, পিপলস ইউনিভার্সিটির রেজিষ্ট্রার এ কে মনসুর আহমদ, ইউসিসি গ্রুপের চেয়ারম্যান এম এ হালিম টিটো, শিক্ষা বিচিত্রার সম্পাদক আবদার রহমান, সাইক-এর চেয়ারম্যান আবু হাসনাত মোঃ ইয়াহিয়া এবং শিক্ষা বিচিত্রার সহকারী সম্পাদক এফ এম খলিলুর রহমান অনুষ্ঠানে বক্তৃতা করেন। অনুষ্ঠানে সকল বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় প্রথম থেকে পঞ্চম স্থান অধিকারী প্রায় একশ' কৃতী ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবক উপস্থিত ছিলেন।